


৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের টীকা



ক্লিনিকাল ট্রায়াল-এর ফলাফল



পেডিয়াট্রিক মডার্না স্পাইকভ্যাক্স কোভিড-১৯ ভ্যাকসিনের মূল্যায়ন করার জন্য ক্লিনিকাল ট্রায়াল কানাডা এবং মার্কিন যুক্তরাষ্ট্রে হয়েছিল, যখন ওমিক্রনই ছিল সংক্রমণের প্রধান ভ্যারিয়েন্ট। ট্রায়ালে দেখা গেছে যে ৫ বছরের কম বয়সী শিশুদের জন্য মডার্না -র (25 mcg) 2 ডোজ প্রাথমিক সিরিজ যে ইমিউন প্রতিক্রিয়া তৈরি করেছে যা তরুণ প্রাপ্তবয়স্কদের মধ্যে দেখা প্রতিক্রিয়ার সমান।

ক্লিনিকাল ট্রায়াল আরও দেখিয়েছে যে:

- প্রাথমিক ফলাফল অনুসারে, মডার্না ভ্যাকসিনটি অমিক্রন -এর সময় ৬ থেকে ২৩ মাস বয়সী শিশুদের মধ্যে ৫০.৬% এবং ২ থেকে ৫ বছরের শিশুদের মধ্যে ৩৬.৮% কোভিড-১৯ প্রতিরোধ করেছে।
- মডার্না ভ্যাকসিন প্রাপ্ত ট্রায়ালে অংশগ্রহণকারীদের মধ্যে কোনো মৃত্যু বা গুরুতর কোভিড-১৯ আক্রান্ত ঘটনা বা MIS-C ঘটেনি।
- কোনো মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিসের এর কেস রিপোর্ট করা হয়নি।

ভ্যাকসিনের পার্শ্ব প্রতিক্রিয়া সাধারণত হালকা হয় এবং এক থেকে তিন দিনের মধ্যে চলে যায়, সেগুলি হলো যেমন

ইনজেকশনের
জায়গার কাছাকাছি
বাহুতে ব্যথা



ক্লান্তি বোধ করা



মাথাব্যথা



পেশী বা
জয়েন্টগুলোতে ব্যথা
হওয়া



জ্বর এবং ঠান্ডা



সূত্র: [Toronto Public Health](https://www.toronto.ca/public-health/)



COUNCIL OF
AGENCIES SERVING
SOUTH ASIANS



SOUTH ASIAN
VACCINE
ENGAGEMENT
COLLABORATIVE